# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**21 FEBRUARY 2025** **7:45—7:55**

---

(১) কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্'এর সোনাপুরের কচুতলীতে দশম আসাম পুলিশ বাহিনীর নতুন ছাউনীর ভিত্তিপ্রস্তর স্থাপন/

(২) আগামী ৩১শে মার্চের মধ্যে নক্সালবাদকে গোড়া থেকে উৎখাত করার সংকল্প গ্রহণ করা হয়েছে বলে কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রীর প্রকাশ/

(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল বেলা এগারোটায় আকাশবানীর মন কী বাত অনুষ্ঠানে জনসধারণের সঙ্গে মত বিনিময়/

এবং

(৪) সমগ্র বিশ্বের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আজ আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদায় পালিত/

---

কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ বিজেপির শাসনকালে বিগত দশ বছরে আসামের আইন-শৃঙ্খলা পরিস্থিতি যথেষ্ট উন্নত হয়েছে বলে মন্তব্য করেছেন । সোনাপুরের কচুতলীতে আজ দশম আসাম পুলিশ বাহিনীর নতুন ছাউনীর ভিত্তিপ্রস্তর স্থাপন করে শ্রী শাহ্ একথা বলেন । তিনি আরো বলেন যে- আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নত হওয়ার পরিপ্রেক্ষিতে সম্প্রতি রাজ্যে বৃহৎ শিল্পগোষ্ঠী সমূহ শিল্প স্থাপনের জন্য এগিয়ে আসছে । কংগ্রেসের শাসনকালে তারা রাজ্যের প্রতি অবহেলা করেছে বলে অভিযোগ করে দলটির সমালোচনা করে শ্রী শাহ্ বলেন যে- বর্তমান কেন্দ্রীয় সরকার গত দশ বছরে আসামের জন্য ১৫ লক্ষ কোটি টাকা মঞ্জুর করেছে ।

পুলিশ বাহিনীর নতুন ছাউনীর ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা বলেন যে- দখলদারদের কবল থেকে উদ্ধার করা কচুতলীর এই স্থানে আধুনিক প্রশিক্ষণ কেন্দ্র, আবাসিক ছাউনী, চিকিৎসালয়, খেলার মাঠ এবং অন্যান্য সুযোগ সুবিধায় সুসজ্জিত ব্যাটেলিয়নের শিবির সাজিয়ে তোলা হবে । এই অঞ্চলের বাকি অংশে মেডিকেল কলেজ, সরকারী প্রতিষ্ঠান ইত্যাদি স্থাপন করা হবে বলে তিনি মন্তব্য করেছেন । তিনি একইসঙ্গে দখলদারীর বিরুদ্ধে রাজ্যজুড়ে অভিযান অব্যাহত থাকবে বলেও জানিয়েছেন ।

#বাইট-সি এম#

এর আগে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী শাহ্ গুয়াহাটিতে আয়োজিত কেন্দ্রীয় সংরক্ষিত পুলিশ বাহিনী- সি আর পি এফ’এর ৮৭তম তম প্রতিষ্ঠা দিবসের কুচকাওয়াজে অংশগ্রহণ করেন । এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অংশ নিয়ে শ্রী শাহ্ বলেন যে- দেশ থেকে আগামী ৩১শে মার্চের মধ্যে নক্সালবাদকে গোড়া থেকে উৎখাত করার সংকল্প গ্রহণ করা হয়েছে । তিনি বলেন যে- সি আর পি এফ, তার প্রতিষ্ঠার সময় থেকে রাষ্ট্রের প্রতি অভূতপূর্ব সেবা প্রদান করে আসছে । তিনি বলেন যে- সি আর পি এফ এবং কোবরা ব্যাটেলিয়নের জওয়ানরা দেশকে নক্সালমুক্ত করার জন্য চোখে পড়ার মতো কাজ করে আসছে । সি আর পি এফ উত্তর পূর্বাঞ্চল, জম্মু-কাশ্মীর এবং মাওবাদ প্রভাবিত এলাকাগুলিতে শান্তি বজায় রাখার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে বলে উল্লেখ করে কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী বলেন যে- বাহিনীটি ছাড়া দেশের আভ্যন্তরীণ সুরক্ষার বিষয়ে কল্পনা করা যায় না । শান্তি বজায় রাখার ক্ষেত্রে সি আর পি এফ’এর পালন করে আসা ভূমিকার বিষয়ে উল্লেখ করে শ্রী শাহ্ বলেন যে- বাহিনীটির বেশকয়েকটি প্ল্যাটুন হিংসা জর্জরিত মণিপুরে নিয়োগ করা হয়েছে এবং রাজ্যে এর ইতিবাচক প্রভাব দেখা গেছে ।

সি আর পি এফ’এর প্রতিষ্ঠার সময় থেকে তাদের করা আত্মত্যাগের বিষয়ে আলোকপাত করে শ্রী শাহ্ বলেন যে- বাহিনীটির দু হাজার ২৭০ জন বীর জওয়ান মাতৃভূমির সেবায় নিজেদের প্রাণ উৎসর্গ করেছে । বাহিনীটির ৭০০ জন জওয়ান কেবলমাত্র উত্তর পূর্বাঞ্চলে নিজেদের প্রাণ উৎসর্গ করেছে বলে তিনি জানান । তিনি একইসঙ্গে অসাধারণ বীরত্বের পরিচয় দেওয়া এই বাহিনীর বেশকয়েকজন বীর জওয়ানকে তাদের সাহসিকতার পদক প্রদান করেন । অনুষ্ঠানে রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য, মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা এবং কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল উপস্থিত ছিলেন ।

---

আগামী ১৪ ই মার্চ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আসাম সফরের পর আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য বিজেপির প্রার্থী তালিকা প্রকাশ করা হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা জানিয়েছেন । গতকাল শিলচরে আত্মনির্ভর আসাম অভিযানের দ্বিতীয় পর্যায়ের অধীনে অর্থ বিতরণ করার পর সাংবাদিকদের সঙ্গে কথাবার্তায় তিনি বলেন যে বর্তমানের বিধায়কদের কাজকর্মের ওপর ভিত্তি করে টিকিট প্রদান করা হবে । এদিকে রাজ্যে বিরোধী ঐক্য গঠনের বিষয় নিয়ে উৎকণ্ঠা এবং অনিশ্চয়তা পরিলক্ষিত হচ্ছে । বিজেপির বিরুদ্ধে প্রত্যাহ্বান জানাতে পারে এমন প্রার্থী বাছাই করা নিয়ে দুদিনের কার্যসূচীতে আসামে আসা নিখিল ভারত কংগ্রেস কমিটির সাধারণ সম্পাদক তথা স্ক্রিনিং কমিটির অধ্যক্ষা প্রিয়াংকা গান্ধী গতকাল গুয়াহাটীর রাজীব ভবনে প্রদেশ কংগ্রেসের তিনজন কার্যকরী সভাপতির সঙ্গে বার্তালাপ করেন । পরে তিনি প্রদেশ কংগ্রেস কমিটির বিভিন্ন শাখার নেতৃবৃন্দের সঙ্গেও মত বিনিময় করেন । শ্রীমতী গান্ধী সবার মতামত গুরুত্ব সহকারে গ্রহণ করে দলীয় সংগঠন শক্তিশালী করা এবং পরবর্তী কার্যপন্থা সম্পর্কে আলোকপাত করেন ।

---

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আগামী ২৫ শে ফেব্রুয়ারি আসাম মহিলা বিশ্ববিদ্যালয়ের নতুন ভবন উদ্বোধন করবেন। ২০১৩ সালের আসাম মহিলা বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী যোরহাটের বরৈয়াতে স্থাপন করা বিশ্ববিদ্যালয়টির নতুন প্রাঙ্গন টীয়কের কলিয়াপানীতে নির্মাণ করা হয়েছে। মরিয়নীর বিধায়ক রূপজ্যাতি কুর্মী এবং যোরহাটের অতিরিক্ত আয়ুক্ত গতকাল বিশ্ববিদ্যালয়ের নতুন প্রাঙ্গন পরিদর্শন করে সব ব্যবস্থা খতিয়ে দেখেন। এই নতুন ভবনে আধুনিক সরঞ্জামের সহায়তায় শিক্ষাদানের সুবিধা রয়েছে। এছাড়া তপশিলি উপজাতি ছাত্রীদের জন্য একটি ছাত্রী নিবাস নির্মাণ করা হয়েছে। বিশ্ববিদ্যালয়টিতে বর্তমানে ১৭ টি বিভাগ রয়েছে এবং ৪৪ টি ডিগ্রী পাঠ্যক্রম রয়েছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল বেলা ১১ টায় আকাশবাণীর মন কী বাত আনুষ্ঠানের ১৩১ তম পর্বে জনসাধারণের সঙ্গে মত বিনিময় করবেন । এই অনুষ্ঠানটি আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি কেন্দ্র সহ আকাশবাণীর ওয়েবসাইট এবং নিউজ অন এ আই আর এ্যাপে শোনা যাবে । আকাশবাণীর ইউটিউব চ্যানেলের মাধ্যমেও এই অনুষ্ঠান সরাসরি সম্প্রচার করা যাবে । অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার রূপান্তর প্রচারিত হবে ।

-----------------------------------------------------------------------------------------

আজ আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস । ভাষিক ও সাংস্কৃতিক বৈচিত্র্য এবং বহুভাষাবাদের বিষয়ে সচেতনতা সৃষ্টির পাশাপাশি মাতৃভাষার মহত্বের প্রচার ও প্রসারের উদ্দেশ্যে প্রতিবছরের ২১শে ফেব্রুয়ারি দিনটি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালন করা হয় । ১৯৯৯ সালের ১৭ই নভেম্বর ইউনেস্কো প্রথমবারের মতো এই দিবসের কথা ঘোষণা করেছিল । পরবর্তী সময়ে রাষ্ট্রসংঘের সাধারণ সভার একটি ঘোষণা পত্রের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে এই দিবসের স্বীকৃতি প্রদান করা হয় । এবারের এই দিবসের মূল বিষয় হচ্ছে- বহুভাষিক শিক্ষার বিষয়ে যুব সমাজের মতামত, অর্থাৎ- ইয়ুথ ভয়েসেস অন মাল্টি-লিঙ্গুয়াল এডুকেশন ।

রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন । এক বার্তায় ডাঃ পেগু বলেন- মাতৃভাষা হচ্ছে- আমাদের পরিচয়, আত্মসম্মান এবং সভ্যতা সংস্কৃতির মূল ভিত্তি । মাতৃভাষার গুরুত্বের প্রতি লক্ষ্য রেখে প্রতিটি ভাষার সংরক্ষণ, বিকাশ এবং প্রচারের ক্ষেত্রে দায়বদ্ধতা প্রকাশের মাধ্যমে নতুন জাতীয় শিক্ষানীতিতে প্রাথমিক পর্যায়ে মাতৃভাষায় শিক্ষাদানের পক্ষে রায় দেওয়া হয়েছে বলে উল্লেখ করেছেন । সমগ্র বিশ্বে নানা কার্যসূচীর মাধ্যমে আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস পালন করা হচ্ছে ।

বরাক উপত্যকায়ও আজ যথাযোগ্য মর্যাদায় আজ ২১ শে ফেব্রুয়ারী- আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস পালন করা হয়েছে । বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের শিলচর শহর আঞ্চলিক সমিতির পক্ষ থেকে শিলচর বঙ্গভবনের অনন্ত দেব স্মৃতি প্রেক্ষাগৃহে আজ বিকেলে আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এতে বহুভাষিক কবিতা পাঠ ও সঙ্গীত পরিবেশন ছাড়াও 'বর্তমান সময়ের প্রেক্ষিতে ২১শে ফেব্রুয়ারী স্মরণের প্রাসঙ্গিকতা' শীর্ষক একটি আলোচনা অনুষ্ঠিত হচ্ছে । এদিকে বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন বড়খলা আঞ্চলিক সমিতি উদ্যোগে আজ সেডো কার্যালয়ে এই দিবস পালন করা হয়েছে ।

এছাড়া শিলচরের সামাজিক সংগঠন সোসাইটি ফর এডুকেশন এন্ড ওয়েলফেয়ার এক্টিভিটিজের পক্ষ থেকে আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে আজ সকাল বরাক উপত্যকার ভাষা -সাহিত্য-সংস্কৃতি -ইতিহাস -ঐতিহ্য রক্ষা ও সামাজিক সম্প্রীতি রক্ষায় নিরলসভাবে কাজ করার জন্য আবিদ রাজা মজুমদার ,সঞ্জীব দেব লস্কর ও মাহবুবুল বারীকে শিলচর বঙ্গভবনে সম্মান জানানো হয়েছে ।

ভারত ডিগনিটি অ্যাওয়ার্ডস আয়োজক কমিটির পক্ষ থেকে আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আজ শিলচর কাছাড় কলেজের বাংলা বিভাগের সহযোগিতায় আয়োজিত অনুষ্ঠানে সমাজে উল্লেখযোগ্য এবং অনুপ্রেরণামূলক অবদানের জন্য বিশিষ্ট ব্যাক্তিদের সম্মান জানানো হয় ।

এই দিবস উদযাপনের অঙ্গ হিসেবে শ্রীভূমি জেলায়ও বিভিন্ন কার্যসূচি পালন করা হয়েছে । বরাক উপত্যকা বঙ্গ সাহ্যি ও সংস্কৃতি সম্মেলনের পাথারকান্দি আঞ্চলিক কমিটির উদ্যোগে আজ আছিমিয়া এম ই স্কুল প্রাঙ্গণে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা জানানো হয় । সম্মেলনের শ্রীভূমি শহর আঞ্চলিক সমিতি ও বদরপুর আঞ্চলিক সমিতির উদ্যোগে শহরের শম্ভুসাগর পার্কের কেন্দ্রীয় শহিদ বেদীতে পুষ্পার্ঘ অর্পণের মাধ্যমে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয় । পরে আয়োজিত আলোচনা সভায় এই দিবসের তাৎপর্য তুলে ধরে মাতৃভাষা সংরক্ষণ ও বিকাশের বিষয়ে সবাইকে সচেতন ভূমিকা গ্রহণের আহ্বান জানানো হয় ।

হাইলাকান্দি জেলায়ও আজ যথাযোগ্য মর্যাদায় এই দিবস পালন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------